গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৪৬.২৭.০৫৪.১৮.০৯ তারিখ: ৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারি ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার আওতায় ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর'২০২১) পরিবীক্ষণ প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার আওতায় ২ঁয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর'২০২১) পরিবীক্ষণ প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পরীবীক্ষণ প্রতিবেদন।

১৭-১-২০২২
মোহাঃ ইউসুফ হারুন খান
প্রোগ্রামার

সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৪৬.২৭.০৫৪.১৮.০৯/১(২) তারিখ: ৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
২) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়।

১৭-১-২০২২
মোহাঃ ইউসুফ হারুন খান
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

## পরিবীক্ষণ প্রতিবেদন

পাসম ও এর আওতাধীন সংস্থাসমূহের ২০২১-২২ অর্থ বছরের অক্টোবর-ডিসেম্বর ২০২১ সময়কালে প্রাপ্ত অভিযোগ (অনলাইন ও অফলাইন) বিষয়ে পরিবীক্ষণ করা হয়। বর্ণিত সময়ের মধ্যে জিআরএস এর মাধ্যমে অনলাইনে পানি সম্পদ মন্ত্রণালয়ে ০৩টি অভিযোগ দাখিল করা হয়। ০৩টির মধ্যে ০১টি অভিযোগ পাসম সংশ্লিষ্ট এবং ০২টি পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট নয়। পাসম সংশ্লিষ্ট অভিযোগটির বিষয়ে মতামত প্রদানের জন্য প্রশাসন-২ শাখায় প্রেরণ করা হয়েছে। অন্য ০২টির মধ্যে ০১টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ০১টি নথিজাত করা হয়েছে। এছাড়া পাসম এ রক্ষিত অভিযোগ গ্রহণ বাক্সে হার্ড কপিতে কোন অভিযোগ পাওয়া যায়নি। কুরিয়ার/ডাকের মাধ্যমে প্রচলিত পদ্ধতিতে ১৬টি অভিযোগ মন্ত্রণালয়ে প্রশাসন-০১ শাখায় গ্রহণ করা হয়। ১৬টি অভিযোগ পাসম এর আওতাধীন সংস্থা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সংশ্লিষ্ট। অভিযোগগুলো নিষ্পত্তির জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে প্রেরণ করা হয়েছে।

অক্টোবর-ডিসেম্বর ২০২১ সময়কালে পাসম এর আওতাধীন সংস্থাসমূহের অভিযোগসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে গত ৩ মাসে অফলাইন এবং অনলাইনে ৩৬টি অভিযোগ জমা হয়েছে যার মধ্যে ০৪টি অনলাইনে এবং ৩২ টি অফলাইনে। অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো নিষ্পত্তি করা হয়েছে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগগুলো অনিষ্পন্ন রয়েছে। অফলাইনে অনিষ্পন্ন অভিযোগগুলো দ্রুত নিষ্পন্ন করার জন্য বাপাউবো কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এছাড়া অন্যান্য সংস্থা বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর রিপোর্ট পর্যালোচনা করে দেখা গিয়েছে কোন ফরমেটে (অফলাইন এবং অনলাইনে) অভিযোগ পাওয়া যায়নি।

ছকঃ

| ক্রমিক নং | সংস্থার নাম | অনলাইনে প্রাপ্ত | অফলাইনে প্রাপ্ত | মোট | নিষ্পত্তির সংখ্যা | নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ১. | পানি সম্পদ মন্ত্রণালয় | ৩ | ০ | ৩ | ২ | ৬৬%<br>২টি নিষ্পন্ন। ০১টি নিষ্পত্তি সময় অতিক্রান্ত হয়নি। |
| ২. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ০৪ | ৩২ | ৩৬ | ৪ | ১১% |
| ৩. | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | ০ | ০ | ০ | ০ | ১০০% |
| ৪. | নদী গবেষণা ইনস্টিটিউট | ০ | ০ | ০ | ০ | ১০০% |
| ৫. | পানি সম্পদ পরিকল্পনা সংস্থ | ০ | ০ | ০ | ০ | ১০০% |
| ৬. | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | ০ | ০ | ০ | ০ | ১০০% |

24/02/2022

(মোঃ আজাদুর রহমান মল্লিক)
যুগ্ম সচিব (প্রশাসন) ও অনিক
পানি সম্পদ মন্ত্রণালয়